

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৬৯

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ (৫) সিয়ামের আদবসমূহ

# 5 \_ بَابَ آدَابِ الصَّوْمِ

#### আরবী

3469 – أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْجُنَيْدِ قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا بَكُرُ بْنُ مُضَرَ عَنْ عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ بُكَيْرِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الْأَشْجِ عَنْ يَزِيدَ مَوْلَى بَكُرُ بْنُ مُضَرَ عَنْ عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ بُكَيْرِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الْأَكُوعِ عَنْ سَلَمَةَ بْنِ الْأَكُوعِ قَالَ: لَمَّا نَزَلَتْ {وَعَلَى الَّذِينَ يُطِيقُونَهُ فِدْيَةٌ طَعَامُ مِسْكِينٍ } [البقرة: 184] كَانَ مَنْ أَرَادَ مِنَّا أَنْ يُفْطِرَ أَفْطَرَ وَافْتَدَى حتى نزلت الآية التي بعدها فَنَسخَتْها.

الراوي: سَلَمَة بْن الْأَكْوَعِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3468 | خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (4/ 22): ق.

#### বাংলা

৩৪৬৯. সালামা বিন আকওয়া রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "যখন এই আয়াত নাযিল হয়, وَعَلَى النَّذِينَ يُطِيقُونَهُ فِدْيَةٌ طَعَامُ مِسْكِينٍ (আর যারা সিয়াম রাখার সামর্থ রাখে (কিন্তু সিয়াম রাখতে চায় না), তাদের জন্য জরুরী হলো মিসকীনকে খাদ্য দান করার ফিদিয়া দেওয়া। -সূরা আল বাকারাহ: ১৮৪), তখন আমাদের মাঝে যে সিয়াম ভঙ্গ করতে চাইতো, সে সিয়াম ভঙ্গ করতো এবং ফিদিয়া প্রদান করতো। অতঃপর পরের আয়াত অবতীর্ণ হয়ে এই বিধানকে রহিত করে দেয়।"[1]

### ফুটনোট

[1] সহীহুল বুখারী: ৪৫০৬; সহীহ মুসলিম: ১১৪৫; আবূ দাউদ: ২৩১৫; তিরমিযী: ৭৯৮; নাসাঈ: ৪/১৯০; সুনান বাইহাকী: ৪/২০০; দারেমী: ২/১৫; তাবারানী আল কাবীর: ৬৩০২; হাকিম: ১/৪২৩।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: 8/২২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আক্ওয়া' (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন